Sukanta Ghosh 21/1/20 · Arpita Chanda 21/1/20

# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

## Pre-Annual Exam – 2020

**Sub: Bengali (Model Answer)** **Class: 11** **F.M: 80**

**Duration: 3 hours 15 minutes** **Date: 16.1.2020**

বিভাগ-ক

১ সঠিক বিকল্পটি নির্বাচন করোঃ ১×১৮=১৮

১.১ গোরুর গাড়ির গারোয়ান উৎসাহের সঙ্গে কী বাজাচ্ছিল ? --গ) ক্যানেস্তারা

১.২ "এই চোখ বুজে চলাই হচ্ছে জগতের সব চেয়ে আদিম চলা"—বক্তা হলেন-গ) তত্ত্বজ্ঞানী

১.৩ দোকানদার নগদ কত দামে সৌখীর মায়ের কাছ থেকে পেশকারের ঘটি কিনেছে--গ) নগদ চোদ্দ আনায়

১.৪ মহানগরী থেকে তেলেনাপোতার দূরত্ব কত ?-- গ) মাত্র ত্রিশ মাইল

১.৫ দীপান্তর কোথায় ?--ক) সপ্ত সিন্ধু তেরো নদী পার

১.৬ 'পড়শী কোথায় বাস করে ?-- খ) আরশিনগর

১.৭ জনার পুত্রের নাম কি?--খ) প্রবীর

১.৮ পাদ্রে গোনসাগা আগে ছিলেন--গ) হাট্টাকট্টা কাঠুরে

১.৯ "ওর মাংস লাল ও বড়ো সুস্বাদু"—কার সম্পর্কে এই উক্তি--ক) বনিটো

১.১০ 'বীরাঙ্গনা' কাব্যে কোন বিদেশী কবি ও কাব্যের ছায়া আছে?--খ) ওভিদের হিরোইডস

১.১১ গালিলিও পিসা বিশ্ববিদ্যালয়ে ডাক্তারী পড়তে যান কত বছর বয়সে ?-- ঘ) সতেরো বৎসর

১.১২ 'ঘরে- বাইরে' উপন্যাস টি —রচনা করেন--গ) রবীন্দনাথ ঠাকুর

১.১৩ দ্বিতীয় বিদ্যাপতি নামে পরিচিত---ঘ) গোবিন্দদাস।

১.১৪ 'ঝরাপালক'-কাব্যগ্রন্থটির রচয়িতা হলেন--খ) জীবানন্দ দাশ

১.১৫ কিউনিফর্ম লিপির লিখন পদ্ধতির আবিষ্কর্তা হলেন--গ) নেবো নামক দেবতা

১.১৬ অলচিকি লিপির উদ্ভাবক হলেন--খ) রঘুনাথ মুর্মু

১.১৭ সুয়েজখাল কোন দুটি সাগরকে যুক্ত করেছে ? --ঘ) ভূমধ্যসাগর ও লোহিতসাগর|

১.১৮ জেলের ঠিকাদারের কাছ থেকে সৌখী কত টাকা রোজগার করে এনেছিল ?-- গ) নব্বই টাকা

**২।অনধিক ২০ টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাওঃ** ১×১২=১২

২.১ 'ডাকাতের মায়ের ঘুম পাতলা না হলে চলে?'-এরূপ উক্তির কারণ কি ?

রাত্তিরে ডাকাতি করে ফেরার পর সৌখির জন্য সর্তক ভাবে অপেক্ষা করতে হত।

২.২ প্রাচীন ভারতীয় আর্য ভাষার দুটি সাহিত্যিক নিদর্শন আলোচনা করো।

বৈদিক সাহিত্য ও অষ্টাধ্যায়ী |

২.৩ 'কে মিছিমিছি পাতকের ভাগী হবে?'-বক্তার এরূপ উক্তির কারণ কি ?

নিরঞ্জনের যে আর ফিরবে না সেই সম্পর্কে যামিনীর মাকে না জানানো সম্পর্কে, মনি দার এই উক্তি।

২.৪ কিউনিফর্ম লিপির নামকরণ কে করেন ?

টমাস হাইড।

২.৫ চর্যাপদ কে কোথা থেকে আবিষ্কার করেন?

হরপ্রসাদ শাস্ত্রী, নেপালের রাজদরবারের গ্রন্থাগার থেকে।

২.৬ গালিলিওর মতামত সনাতনীরা মেনে না নেওয়ার কারণ কি?

গালিলিও যুক্তি দিয়ে প্রমাণ করেছিল কোপারনিকাসের মতের সত্যতা। অন্যদিকে সনাতনীরা বিশ্বাস করত টলেমীর মতামত। তাই গালিলিওর মতামত তারা মেনে নিতে পারেনি।

২.৭ ভূতের দেশের শান্তির প্রকৃতি কিরূপ?

ভূতের দেশে অন্ন,বস্ত্র,স্বাস্থ্য–অর্থ্যাৎ মানবের প্রাথমিক চাহিদাগুলি পূরন না হলেও নিশ্চল শান্তি বিরাজমান।

২.৮ সমাজভাষা কাকে বলে ?

সমাজের বিভিন্ন স্তরভেদে ব্যক্তির কথার বিভিন্নতাকে বলা হয় সমাজ ভাষা।

২.৯ 'খেতে বসে রাগ চড়ে যায়'—খেতে বসে রাগ চড়ে যাওয়ার কারণ কি ?

'নুন' কবিতায় সামান্য মধ্যবিত্ত জীবনের প্রাথমিক চাহিদা অর্থ্যাৎ ঠাণ্ডা ভাতে নুন না পেলে রাগ চরে যায়।

২.১০ সুয়েজখাল কে খনন করেন ?

ফর্ডিনেণ্ড লেস্পেস নামে এক ফরাসী স্থপতি।

২.১১ 'ঢাক অঞ্জলি, বাজাও পাঞ্চজন্য শাঁখ'—কেন শাঁখ বাজাবে ?

শ্রীকৃষ্ণের পাঞ্চজন্য শাঁখ ব্যবহৃত হয়েছিল কুরুক্ষেত্র যুদ্ধের সময়।'দ্বীপান্তরের বন্দিনী' কবিতাতেও কবি নতুন যুগ আনার জন্য এই শাঁখ বাজানোর কথা বলেছেন।

২.১২ "মনে হবে তেলেনাপোতা বলে কোথাও সত্যি কিছু নেই"—এরূপ মনে হওয়ার কারণ কি ?

শহর কলকাতায় ফিরে,শহুরে পলায়নবাদী মানসিকতার প্রকাশ আসলে উপরিউক্ত মন্তব্যটি।

## বিভাগ-খ

**৩ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৩.১ 'নইলে ছন্দ মেলে না, ইতিহাসের পদটা খোঁড়া হয়েই থাকে' –আলোচ্য বক্তব্যের প্রাসঙ্গিকতা 'কর্তার ভূত ' গল্প অবলম্বনে ব্যাখ্যা করো।

ভূতশাসনতন্ত্রে আচ্ছন্ন দেশের মানুষ অন্ধভাবে মেনে চলেছে ভূতের শাসন্তন্ত্র।সেখানে নতুন কোন ভাবনা-চিন্তার কোন যায়গা নেই। কিন্তু পৃথিবীর অন্যান্য দেশগুলো এগিয়ে গেছে কালের নিয়মে।সেখান থেকে তাই বর্গী আক্রমণের মতন যখন নতুন ভাবনার আগমন ঘটে, সেই প্রসঙ্গতি সবিস্তারে আলোচনা করতে হবে।

৩.২ "ডাকাতের মা" গল্প অবলম্বনে সৌখির মায়ের চরিত্রটি ব্যাখ্যা করো।

সৌখির মা এর ব্যক্তিগত নামের চেয়েও 'ডাকাতের মা' এই পেশাগত পরিচয় হয়ে উঠেছে বড়ো-এই ভাবনার পরিপ্রেক্ষিতে চরিত্রটির বিভিন্ন দিক আ্লোচনা করতে হবে।

**৪ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৪.১ 'সুয়েজখালেঃ হাঙ্গর শিকার' প্রবন্ধ অনুসরণে প্রথম হাঙ্গর শিকারের বর্ণনা দাও।

প্রবন্ধ অনুসরণে হাঙ্গর শিকারের বর্ণনা নিজের ভাষায় লিখতে হবে।

৪.২ দূরবীন কীভাবে গালিলিওর বিশ্বসমীক্ষার প্রধান যন্ত্র হয়ে উঠল তা ব্যাখ্যা করো।

দূরবীন কে কেন্দ্র করে গালিলিওর মহাকাশের বিভিন্ন বিষয় আবিষ্কার ও তার প্রতিবন্ধকতা আলোচনা করতে হবে।

**৫ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৫.১ 'যম যাতনা' কী? তা কীভাবে দূর হবে?

মৃত্যুযন্ত্রনা।

আত্ম উপলব্ধির মাধ্যমে নিজেকে খুঁজে পাওয়া ও তার মাধ্যমে মনের মানুষের সাধনার বিষয়টি বিস্তারিত আলোচনা করতে হবে।

৫.২ "নুন" কবিতায় নিম্ন-মধ্যবিত্ত মানুষের জীবন-যন্ত্রণার যে চিত্র বর্ণিত হয়েছে তা ব্যাখ্যা করো।

সাধারণ মানুষের বেঁচে থাকার প্রাথমিক চাহিদা পূরণ হয় না।তারা অত্যাচারিত কিন্তু সমাজের কারিগর তারা।এই বিষয়টি বিস্তারিত আলোচনা করতে হবে।

৫.৩ 'বীরাঙ্গনা' শব্দের অর্থ কী ? জনা কি প্রকৃতই বীরাঙ্গনা—যুক্তিসহ লেখো।

বীর নারী।

স্বামীর সিদ্ধান্তের বিরোধীতা, পাণ্ডবদের শক্তিকে ভয় না পাওয়া, সর্বোপরি শক্তির কাছে পদানত না হওয়ার মানসিকতা নিয়ে আলোচনা করতে হবে।

৫.৪ 'ধ্বংস হল কি রক্ষপুর'—'রক্ষপুর' বলতে কবি কী বুঝিয়েছেন ? কীভাবে তা ধ্বংস হয়েছিল ? ১+৪

রাক্ষসদের পুরী,এখানে ইংরেজদের শাসনতন্ত্রের কথা বলা হয়েছে।

বিপ্লবীদের উপরে শত অত্যাচার সত্ত্বেও দেশের স্বাধীনতা আন্দোলন থমকে থাকেনি এবং সেই আন্দোলন ইংরেজদের শাসনতন্ত্রের প্রবলভাবে যে আঘাত হেনেছে, সেই বিষয়ে আলোচনা করতে হবে।

**৬ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×১=৫**

৬.১ "এলিসেন্দা একটা স্বস্তির নিঃশ্বাস ফেললে—নিজের জন্যে স্বস্তি আর দেবদূতের জন্যেও স্বস্তি"—উদ্ধৃত বাক্যটির অন্তর্নিহিত অর্থ বর্ণনা করে ব্যাখ্যা করো।

দেবদূতের চলে যাওয়ার পর এলিসেন্দার অনুভূতির বিস্তারিত বর্ণনা দিতে হবে।

৬.২ "শিক্ষার সার্কাস" কবিতাটির নামকরণের সার্থকতা বিচার করো।

বর্তমান শিক্ষাব্যবস্থা যে প্রকৃতপক্ষে জ্ঞানলাভের উপযুক্ত নয়, তা শুধুমাত্র এক শ্রেণি থেকে অন্য শ্রেণিতে যাবার প্রতিযোগিতা মাত্র।সেই বিষয়ে আলোচনা করে নামকরণের সার্থকতা বিচার করতে হবে।

**৭ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ ৫×২=১০**

৭.১ "গুরু" নাটক অবলম্বনে পঞ্চক চরিত্রটি আলোচনা করো।

পঞ্চক অচলায়তনের বালক।

আর পাঁচজন বালকের থেকে সে আলাদা।

গুরু সম্পর্কে তার ধারণা সবথেকে আলাদা

সমস্ত কিছু সে যাচাই করে নিতে চায়।

- এই বিষয়গুলির উপর আলোচনা করতে হবে।

৭.২ "তার রাগটা কী রকম সেইটে দেখবার জন্যেই তো একাজ করেছি!"—কে, কার রাগ দেখার জন্য কীকাজ করেছিল ?

পঞ্চক।

মহাময়ূরী দেবীর।

কাঁসার থালায় ইঁদুর গর্তের মাটি রেখে পঞ্চকের নিয়মভঙ্গের বিষয়টি আলোচনা করতে হবে।

৭.৩ "একধার থেকে এবার মতিভ্রমের পালা আরম্ভ হল"—বক্তা কে এবং কাকে মতিভ্রম বলে চিহ্নিত করেছেন? বক্তার এরূপ মন্তব্যের কারণ কি? ১+১+৩

পঞ্চক।

গুরু এসে সমস্ত নিয়ম ভেঙে জীবনের নতুন যাত্রা আরম্ভ করবে , পঞ্চক একেই মতিভ্রম বলে চিহ্নিত করেছেন।

৭.৪ "ও আজ যেখানে বসেছে সেখানে তোমাদের তলোয়ার পৌঁছায় না।"-কার সম্পর্কে কার এই উক্তি? বক্তার এরূপ উক্তির কারণ কি ?

মহাপঞ্চক।

গুরু বা দাদাঠাকুরের।

মহাপঞ্চক যে মূর্খের দাম্ভিক জগতে রয়েছে সেখানে কোনো কিছু দিয়েই তাকে আঘাত করা সম্ভব নয়। এই বিষয়টির উপর আলোচনা করতে হবে।

**৮ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ২টি প্রশ্নের উত্তর দাওঃ     ৫×২=১০**

৮.১ বাংলা সমাজ ও সাহিত্যে চৈতন্যদেবের অবদান আলোচনা করো।

- চৈতন্য নবজাগরণ।
- তুর্কী আক্রমনের পরের অবস্থা।
- মানুষকে নতুন পথ দেখানো।
- চৈতন্য জীবনী সাহিত্যের আলোচনা।

৮.২ প্রবাদ ও প্রবচন বলতে কি বোঝ?অন্তত চারটি বাংলা প্রবাদের উদাহরণ দাও।

প্রবাদ ও প্রবচনের সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করতে হবে।

যে কোনো চারটি বাংলা প্রবাদের উদাহরণ দিতে হবে।

৮.৩ শ্রীকৃষ্ণকীর্তন এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

তুর্কী আক্রমনের পরবর্তী সময় উল্লেখ করতে হবে।

শ্রীকৃষ্ণকীর্তনের আবিষ্কার ও কাব্য বৈশিষ্ট আলোচনা করতে হবে।

৮.৪ বাংলা গদ্যের ধারায় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান সংক্ষেপে আলোচনা করো।

- বাংলা গদ্যের যথার্থ জনক।
- তাঁর লেখা বিভিন্ন গ্রন্থের সংক্ষেপে আলোচনা করতে হবে।

**৯ অনধিক ১৫০ শব্দে যে-কোনো ১টি প্রশ্নের উত্তর দাওঃ     ৫×১=৫**

৯.১ মিশ্র ভাষার সংক্ষিপ্ত বিবরণ দাও।

মিশ্র ভাষার সংজ্ঞা উল্লেখ করে পিজিন ও ক্রেওলের সংক্ষেপে আলোচনা করতে হবে।

৯.২ মধ্যভারতীয় ভাষার কালসীমা উল্লেখ করে এই ভাষার সংক্ষিপ্ত বিবরণ দাও।

খ্রিঃ পূঃ ৬০০- ৯০০ খ্রিস্টাব্দ।

প্রাকৃত , পালি ও অপভ্রংশের সম্পর্কে সংক্ষেপে আলোচনা করতে হবে।

৯.৩ হিয়েরোগ্লিফিক লিপি কি?এর সংক্ষিপ্ত পরিচয় দাও।

প্রাচীন মিশরের লিপি।

হিয়েরোগ্লিফিক লিপির অর্থ , নামকরণ , লিখন বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করতে হবে।